

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৫২৮

তারিখঃ ০৪/১২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পে অর্থায়নের জন্য জনতা ব্যাংক লিঃ হতে ঋণ সুবিধা গ্রহণের তথ্য প্রেরণ প্রসংগে।


সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৭৩২, তারিখঃ ০৩/১২/২০১৪খ্রিঃ
২। ৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৩০, তারিখঃ ২৫/০১/২০১৫খ্রিঃ
৩। ৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৫৪৮, তারিখঃ ২৫/১১/২০১৫খ্রিঃ
৪। ৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৪৭৩, তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের বরাতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের অধিকতর আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে জনতা ব্যাংক হতে ঋণ সুবিধা প্রাপ্তির উদ্যোগ গ্রহণের জন্য সূত্রস্ব ০১ ও ২ নং পত্র মারফত জনতা ব্যাংকের সাথে সাধিত ঋণ নিয়মাচার প্রেরণসহ দিক নির্দেশনা দিয়ে পত্র প্রদান করা হয়েছে। প্রত্যেক জেলাকে প্রতি ০৩(তিন) মাসে একবার সংশ্লিষ্ট জেলাধীন জনতা ব্যাংকের কর্মকর্তাদের সাথে ত্রৈমাসিক সভা করতঃ অগ্রগতি এবং ঋণ প্রদানে সমস্যা ও সুপারিশ প্রণয়নের অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু 'জুলাই-সেপ্টেম্বর' ১৭ প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় নিম্নলিখিত জেলায় শুরু হতে এ পর্যন্ত জনতা ব্যাংক হতে কোন ঋণ বিতরণ করা হয়নি।

জেলাসমূহের নামঃ ১। ঢাকা, ২। নারায়নগঞ্জ, ৩। নরসিংদী, ৪। মুন্সিগঞ্জ, ৫। নেত্রকোনা, ৬। কিশোরগঞ্জ, ৭। জামালপুর, ৮। গোপালগঞ্জ, ৯। রাজশাহী, ১০। নওগাঁ, ১১। নাটোর, ১২। বগুড়া, ১৩। রংপুর, ১৪। নীলফামারী, ১৫। লালমনিরহাট, ১৬। গাইবান্ধা, ১৭। দিনাজপুর, ১৮। ঠাকুরগাঁও, ১৯। পঞ্চগড়, ২০। বরিশাল, ২১। ভোলা, ২২। পিরোজপুর, ২৩। ঝাংগেরহাট, ২৪। মাগুরা, ২৫। নড়াইল, ২৬। ঝিনাইদহ, ২৭। কুষ্টিয়া, ২৮। মেহেরপুর, ২৯। চট্টগ্রাম, ৩০। বান্দরবান, ৩১। রাংগামাটি, ৩২। ফেণী, ৩৩। কুমিল্লা, ৩৪। ব্রাহ্মণবাড়ীয়া, ৩৫। সুনামগঞ্জ।

সাম্প্রতিক সময়ে ৪নং সূত্রস্ব পত্রের মাধ্যমে জেলাস্ব সকল সরকারী/বেসরকারী ব্যাংক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান এবং এনজিও হতে যুবদের আত্মকর্মসংস্থানে সহায়তার লক্ষ্যে সমর্থন বাড়তে সহায়তা প্রদানকল্পে জেলার উপ-পরিচালকগণকে জেলা কৃষি ঋণ কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করতে জেলা প্রশাসক মহোদয়গণকে মহাপরিচালক অনুরোধ জানিয়েছেন। আশা করা যায় জেলার উপ-পরিচালকগণ ইতোমধ্যে স্বস্ব জেলা প্রশাসক মহোদয়ের সাথে আলোচনাক্রমে জেলা কৃষি ঋণ কমিটিতে সম্পৃক্ত হয়ে প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানে অধিকতর পুজি সরবরাহের ব্যবস্থা নিতে উদ্যোগী হয়েছেন।

যেহেতু প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানে সহায়তা প্রদানের লক্ষ্যে অধিদপ্তরের পক্ষ হতে সীমিত পরিমাণ ও সংখ্যায় পুজি/ঋণ প্রদান করা সম্ভব হচ্ছেনা, সেহেতু বর্ণিত কর্মপ্রয়াসকে সফল করার মাধ্যমে কার্জিত সকল অর্জন সম্ভব হতে পারে। এক্ষেত্রে আপনার উৎসাহ ও আগ্রহ যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে বিবেচিত।



০৪/১২/১৭

(ফরিদা ইয়াসমিন)

উপ-পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ফোনঃ ৯৫৫৩৩২৩

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....(সকল) জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণঃ

- ০১। প্রোগামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকাকে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,(সকল) উপজেলা জেলা।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। অফিস কপি।